



খালেদা জিয়াকে লন্ডনে নেওয়া হবে কি না রাতেই সিদ্ধান্ত



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে উন্নত চিকিৎসার জন্য লন্ডনে নেওয়া হবে কি না তা নির্ভর করছে তার সর্বশেষ শারীরিক অবস্থার ওপর। শুক্রবার (৫ ডিসেম্বর) ভোরে কাতার আমিরের এয়ার অ্যান্ডুলেসের প্রযুক্তিগত ত্রুটির কারণে ঢাকায় পৌঁছানো সম্ভব হয়নি। সর্বশেষ তথ্য অনুযায়ী, শনিবার (৬ ডিসেম্বর) বিএনপির মিডিয়া সেল জানিয়েছে, খালেদা জিয়ার শারীরিক অবস্থার ভিত্তিতে মেডিকেল বোর্ড রাতের মধ্যে লন্ডন যাত্রার সিদ্ধান্ত নেবে। জার্মানি থেকে আসা এয়ার অ্যান্ডুলেস রোববার (৭ ডিসেম্বর) ঢাকায় পৌঁছাতে পারে। যদি সব ঠিক থাকে, তাকে লন্ডনের অত্যাধুনিক লন্ডন ব্রিজ হাসপাতালে ভর্তি করা হবে। এ সময় তার সঙ্গী থাকবেন পুত্রবধূ ও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সহধর্মিণী ডা. জুবাইদা রহমান।

উল্লেখ্য, শুক্রবার ডা. এ কিউ এম মহসিনের তত্ত্বাবধানে খালেদা জিয়ার এন্ডোসকপি সম্পন্ন হয়। এন্ডোসকপির মাধ্যমে তার পাকস্থলীর ভেতরের রক্তক্ষরণ বন্ধ করা সম্ভব হয়েছে। চিকিৎসকরা জানান, পুরো প্রক্রিয়া সতর্কতার সঙ্গে সম্পন্ন হয়েছে।

প্রায় দুই সপ্তাহ ধরে এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন খালেদা জিয়ার শারীরিক অবস্থার ওপর দৃষ্টি রাখছেন চিকিৎসকরা। বিএনপির নেতারা বলছেন, তার অবস্থা এখনও উদ্বেগজনক।